CS (Main) Exam 2019



# বাংলা / BENGALI

## প্রশ্নপত্র II / Paper II

## ( সাহিত্য ) / ( LITERATURE )

| | |
|---|---|
| *সময় : 3 ঘন্টা*<br>*Time Allowed : **Three** Hours* | *পূর্ণাঙ্ক : 250*<br>*Maximum Marks : 250* |

## প্রশ্নপত্র-সংক্রান্ত আবশ্যিক নির্দেশাবলী

***উত্তর লেখার পূর্বে নিয়ে প্রদত্ত প্রতিটি নির্দেশ যত্ন সহকারে পড়ুন :***

*প্রশ্নপত্রের **দুটি ভাগে** সর্বসমেত **আটটি (8)** প্রশ্ন আছে ।*

*পরীক্ষার্থীকে সর্বসমেত **পাঁচটি (5)** প্রশ্নের উত্তর দিতে হবে ।*

***প্রথম (1)** এবং **পঞ্চম (5)** প্রশ্ন দুটি আবশ্যিক । অবশিষ্ট **তিনটি (3)** দুটি বিভাগ থেকে অন্তত **একটি** করে নির্বাচন করতে হবে ।*

*প্রতিটি প্রশ্ন/প্রশ্নোংশের জন্য নির্ধারিত মুল্য দেওয়া হয়েছে ।*

*উত্তরগুলি **বাংলা (বাংলা লিপি)** অক্ষরে লিখতে হবে ।*

*কোনো প্রশ্নের সঙ্গে উত্তরের জন্য নির্দিষ্ট শব্দসংখ্যা দেওয়া থাকলে তা মান্য করতে হবে ।*

*উত্তরগুলি অনুক্রম অনুসারে বিচার করা হবে । কোনো উত্তর বা উত্তরাংশ বাতিল করার জন্য স্পষ্ট বর্জন রেখা না থাকলে সেটি বিচার্য হবে । প্রশ্নোত্তর পুস্তিকার পৃষ্ঠ বা পৃষ্ঠার অংশ খালি থাকলে পরিষ্কারভাবে কেটে দিতে হবে ।*

## Question Paper Specific Instructions

***Please read each of the following instructions carefully before attempting questions :***

*There are **EIGHT** questions divided in **TWO SECTIONS**.*

*Candidate has to attempt **FIVE** questions in all.*

*Question nos. **1** and **5** are compulsory and out of the remaining, any **THREE** are to be attempted choosing at least **ONE** question from each section.*

*The number of marks carried by a question / part is indicated against it.*

*Answers must be written in **BENGALI (Bengali script)**.*

*Word limit in questions, wherever specified, should be adhered to.*

*Attempts of questions shall be counted in sequential order. Unless struck off, attempt of a question shall be counted even if attempted partly. Any page or portion of the page left blank in the Question-cum-Answer Booklet must be clearly struck off.*

## SECTION A

**Q1.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । প্রতিটি প্রশ্ন আবশ্যিক । (প্রতিটি অংশের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধ্বসীমা 150) :** *10×5=50*

(a) "ঝলকত দামিনী দশ দিশ আপি ।
নীল বসনে ধনি সব তনু ঝাঁপি ।।
দুই চারি সহচরী সঙ্গহি নেল ।
নব অনুরাগ-ভরে চলি গেল ।।" *10*

(b) "প্রণাম করিয়া বীর চণ্ডীর চরণে ।
শুভক্ষণে প্রবেশ করিল গিয়া বনে ।।
কাননে থাকিয়া বাঘা দেখিলেক বীরে ।
সাড়া মারিয়া বাঘা আস্যে ধীরে ধীরে ।।" *10*

(c) "অস্তে গেলা দিনমণি; আইলা গোধূলি —
একটি রতন ভালে । ফুটিলা কুমুদী
মূদিলা সরসে আঁখি বিরসবদনা
নলিনী; কুজনি পাখি পশিল কুলায়ে;" *10*

(d) "দরিদ্রা বলিয়া তোরে বেশি ভালোবাসি,
হে ধরিত্রী, স্নেহ তোর বেশি ভালো লাগে –" *10*

(e) "কোন দেশে সামাজিক ধনসঞ্চয় হয়, কোন দেশে হয় না । যেখানে হয়, সে দেশ সভ্য হয় । যে দেশে হয় না, সে দেশ অসভ্য থাকে ।" *10*

**Q2.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) 'গৌরচন্দ্রিকা' ও গৌরাঙ্গ বিষয়ক পদের সংজ্ঞা নিরূপণ করুন । বৈষ্ণব সাহিত্যে 'গৌরচন্দ্রিকা'-র গুরুত্ব কোথায় তা ব্যাখ্যা করুন । *20*

(b) "মধ্যযুগের মঙ্গল-কাব্যগোষ্ঠীর মধ্যে যে একখানি কাব্য সংকীর্ণ ধর্মগত প্রয়োজন ছাড়াইয়া সার্বভৌম রসস্বীকৃতি লাভ করিয়াছে তাহা মুকুন্দরামের কবিকঙ্কণ-চণ্ডী ।" কবি মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল কাব্য' অবলম্বনে সমালোচকের এই অভিমতের তাৎপর্য বিশ্লেষণ করুণ । *15*

(c) 'চৈতন্যচরিতামৃত' গ্রন্থের 'মধ্যলীলা' অবলম্বনে গোপীতত্ত্বের স্বরূপ ব্যাখ্যা করুন । *15*

**Q3. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) ‘মেঘনাদবধ কাব্যে’-র সূচনায় মধুসূদন লিখেছিলেন — ‘গাইব মা বীররসে ভাসি মহাগীত’ — এই প্রতিশ্রুতি মধুকবি তার কাব্যে শেষ পর্যন্ত কতটা রক্ষা করতে পেরেছিলেন — যুক্তিসহ তা আলোচনা করুন । 20

(b) ‘কপালকুণ্ডলা’ উপন্যাসে চরিত্র নির্মাণ ও কাহিনির বিন্যাসে নিয়তির ভূমিকা কতটা অপ্রতিরোধ্য তা আলোচনা করুন । 15

(c) ‘সোনার তরী’ কবিতাটি স্পষ্টত একটি রূপক । এই কবিতাটি অবলম্বনে সেই রূপকার্থের স্বরূপ ব্যাখা করুন । 15

**Q4. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) “জীবের শত্রু জীব; মনুষ্যের শত্রু মনুষ্য, বাঙ্গালী কৃষকের শত্রু বাঙ্গালী ভূস্বামী ।” ‘বঙ্গদেশের কৃষক’ প্রবন্ধের এই উক্তির আলোকে প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের সমাজভাবনার পরিচয় দাও । 15

(b) “...তোকে আমি যে-সব চিঠি লিখেছি তাতে আমার মনের সমস্ত বিচিত্র ভাব যে রকম ব্যক্ত হয়েছে এমন আমার আর কোনো লেখায় হয়নি ।” ইন্দিরা দেবীকে লেখা রবীন্দ্রনাথের এই বক্তব্য অবলম্বনে ‘ছিন্নপত্রাবলী’ তে প্রকাশিত রূপদক্ষ রবীন্দ্রনাথের সৌন্দর্যচেতনার পরিচয় দাও । 15

(c) ‘সমুদ্রের প্রতি’ ও ‘বসুন্ধরা’ কবিতায় পৃথিবীর প্রতি রবীন্দ্রনাথের ‘যে নাড়ীর টান অপূর্ব ছন্দোবন্ধ উদ্গীত’ হয়েছে তা আলোচনা করুন । 20

## SECTION B

**Q5.** **প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা লিখুন । (প্রতিটি প্রশ্নের উত্তরের জন্য শব্দসংখ্যার ঊর্ধসীমা 150) :** *10×5=50*

(a) "তৃষ্ণার জল যখন আশার অতীত হয়, মরীচিকা তখন সহজে ভোলায় ।" *10*

(b) "সেই তো ভীষণ, নিষ্ঠুর তার বীভৎসতা,
নিজের মধ্যে প্রতিষ্ঠাহীন
তাই সে এমন হিংসারতা ।" *10*

(c) "প্রকৃতি তাঁর নিজের ভক্তদের যা দেন, তা অতি অমূল্য দান । অনেক দিন ধরিয়া প্রকৃতির সেবা না করিলে কিন্তু সে দান মেলে না ।" *10*

(d) "এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য; তবু শেষ সত্য নয় ।" *10*

(e) "জেলও যেন একটা ছোটোখাটো শহর ।" *10*

**Q6.** **নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "বীর আমার, নীলকন্ঠ পাখির পালক এই পরিয়ে দিলুম তোমার চূড়ায় । তোমার জয়যাত্রা আজ হতে শুরু হয়েছে । সেই যাত্রার বাহন আমি ।" নন্দিনী ও রঞ্জনের জয়যাত্রা কতটা সফল হয়েছিল তা 'রক্তকরবী' নাটক অবলম্বনে আলোচনা করুন । *20*

(b) "ভীষণ যজ্ঞে প্রায়শ্চিত্ত / পূর্ণ করিয়া শেষে / নূতন জীবন নূতন আলোকে / জাগিবে নূতন দেশে" — 'প্রায়শ্চিত্ত' কবিতার আলোকে রবীন্দ্রনাথের 'নবজাতক' কাব্যগ্রন্থের মূল সুরটি ব্যাখ্যা করুন । *15*

(c) সুরেশ না মহিম — কাকে আপনি 'গৃহদাহ' উপন্যাসের প্রকৃত নায়ক মনে করেন — যুক্তিসহ তা আলোচনা করুন । *15*

**Q7. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "রাময়ণ কাব্য হিসেবে যে অমর এবং জনসাধারণ আজও যে তার স্রবণে-পঠনে আনন্দ উপভোগ করে তার একমাত্র কারণ, আনন্দের ধর্মই এই যে তা সংক্রামক" — প্রমথ চৌধুরীর এই মন্তব্যের সাপেক্ষে 'সাহিত্যে খেলা'-র স্বরূপ নির্ণয় করুন । *15*

(b) 'আরন্যক' উপন্যাসটিকে বিভূতিভূষণের আত্মজিবনিক উপন্যাস হিসেবে কী পড়া যায় ? যুক্তিসহ আলোচনা করুন । *20*

(c) অ্যাবসার্ড নাটক হিসেবে 'এবং ইন্দ্রজিৎ' কতটা সার্থক তা আলোচনা করুন । *15*

**Q8. নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দিন :**

(a) "মহাবিশ্বলোকের ইশারার থেকে উৎসারিত সময় চেতনা ।" — জীবনানন্দ দাশের কবিতায় কীভাবে শিল্পিত হয়ে আছে তা উদাহরণসহ আলোচনা করুন । *20*

(b) 'জাগরী' উপন্যাস অবলম্বনে উপন্যাসিকের রাজনৈতিক সচেতনতার পরিচয় দিন । *15*

(c) 'কুষ্ঠরোগীর বৌ' গল্পে মানিক বন্দ্যোপাধ্যায় যে পক্ষপাতহীন বস্তুনির্ভর মানসিকতার পরিচয় দিয়েছেন, তার স্বরূপ বিশ্লেষণ করুন । *15*